



ISO 9001, ISO 14001 &
OHSAS 45001 Certified

সভাপতি

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২২ - ৩০ জুন, ২০২৩

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	
প্রস্তাবনা	
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব	
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	
সংযোজনী ৪: যেসকল নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে	
সংযোজনী ৫: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৬: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৭: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৮: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৯: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of Dhaka PBS-8)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ (২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২):

ঢাকা জেলার কেরানীগঞ্জ, সিংগাইর (আংশিক) এবং সিরাজদিখান (আংশিক) সমন্বয়ে ১৭৮ বর্গ কিঃমিঃ এলাকা নিয়ে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ নিরলসভাবে কাজ করে ১ মার্চ, ২০১৭ খ্রিঃ অত্র পবিসের আওতাধীন সকল এলাকা শতভাগ বিদ্যুতায়িত করা হয়। গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রারমানোন্নয়নের লক্ষ্যে মে'২০২২ খ্রিঃ পর্যন্ত ২৫২৭.৮৬৮ কিঃমিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ সম্পন্ন করা হয়েছে। মে'২০২২ খ্রিঃ পর্যন্ত ৩,৮৯,১১৭ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। ডিএনই প্রকল্পের আওতায় খেজুরবাগ ও হযরতপুর উপকেন্দ্র নির্মাণের কাজ সম্পন্ন করা হয়েছে। ১.৮ প্রকল্পের আওতায় শান্তা-১ ও ঝিলমিল-১ এবং ইউআরইডিএস প্রকল্পের আওতায় ঝিলমিল-২ ও বাস্তা-১ উপকেন্দ্র বিদ্যুতায়িত করা হয়েছে। ডিএনই প্রকল্পের আওতায় শূভাঢ্যা-২ ও হযরতপুর উপকেন্দ্র চালু করে ১১ কেভি ফিডারের লোড বিভাজন করা হয়েছে। ইউআরইডিএস প্রকল্পের আওতায় আগানগর ৩০ এমভিএ উপকেন্দ্রকে ৪০ এমভিএ তে উন্নতি করা হয়েছে এবং হাসনাবাদ গ্রীড হতে ৩টি ৩৩ কেভি বে-সম্প্রসারণ পূর্বক ৩টি নতুন ৩৩ কেভি লাইন চালু করা হয়েছে। কানাখোলা গ্রীড উপকেন্দ্রের ৮ টি ফিডারের সুইচিং স্টেশনের ৭ টি বে-ব্রেকার চালু করা হয়েছে। এছাড়া ডিএনই(এস) প্রকল্পের আওতায় লাইন নির্মাণ কাজ চলমান রয়েছে। পবিসের নিজস্ব অর্থায়নে মুদ্রণনগরীতে ২০ এমভিএ উপকেন্দ্র নির্মাণের জন্য দরপত্রের মূল্যায়ন প্রক্রিয়াধীন রয়েছে। গ্রাহকপ্রাপ্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর নিজস্ব অর্থায়নে হাসনাবাদ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রের ৩৩ কেভি ব্রেকার/আইসোলোটার/১১ কেভি ব্রেকার ১,৪০,৬৬.৭৫০.০০ (এক কোটি চল্লিশ লক্ষ ছেষটি হাজার সাতশত পঞ্চাশ টাকা) টাকার বিপরীতে রেনোভেশনের কাজ সম্পাদন করা হয়েছে। হাসনাবাদ গ্রীড উপকেন্দ্রটি GIS গ্রীডে রূপান্তর কাজের দরপত্র প্রদান প্রক্রিয়াধীন আছে। কলাতিয়া জোনাল অফিসের আওতাধীন গ্রাহকপ্রাপ্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে সাভার গ্রীড থেকে মানিকগঞ্জ পবিসের নির্মাণাধীন ৩৩ কেভি সোর্স লাইনের সাথে ট্যাপিং করে ইউআরইডিএস প্রকল্পের আওতায় ১৮ কিঃ মিঃ ৩৩ কেভি সোর্স লাইনের নির্মাণ কাজ পবিসের মিনি ঠিকাদার দ্বারা সম্পন্ন করা হয়েছে যার ফলে ২০ মেঃওঃ লোড গ্রহণের সুযোগ সৃষ্টি করা হয়েছে। পবিসের নিজস্ব অর্থায়নে ঢাকা সাউদার্ন পাওয়ার জেনারেশন হতে কেরানীগঞ্জ পর্যন্ত ১১ কিঃমি ডাবল সার্কিট #৬৩৬ এমসিএম কন্ডাক্টর দ্বারা নির্মাণকাজ চলমান আছে। ঢাকা পবিস-২ হতে ০২ টি ও মুন্সীগঞ্জ পবিস হতে ০১ টি ৩৩ কেভি লাইন অধিগ্রহণ করত ৩৩ কেভি ফিডারের লোড বিভাজন করা হয়েছে। ২০ টি নতুন ১১ কেভি ফিডার চালু করতঃ ওভারলোডেড ১১ কেভি ফিডার সমূহের লোড বিভাজন কাজ এবং ঢাকা মাওয়া মহাসড়কের রোড ক্রসিং ৩৩ কেভি লাইনসমূহ আন্ডারগ্রাউন্ড কেবল এ রূপান্তরকরণ কাজ সম্পন্ন হয়েছে।

Upcoming Modernization & Capacity Enhancement Project

এর প্রকল্পভুক্ত ৬ টি উপকেন্দ্রের জন্য ১ টি জমি গ্রাহকের নিকট হতে দানে গ্রহণ করা হয়েছে। আরও ২ টি জমি দান গ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে। ১ টি জমি ক্রয় করা হয়েছে। আরও ৪ টি জমি ক্রয়ের জন্য প্রশাসনিক অনুমোদন নেওয়া বা ক্রয়ের প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্প অনুমোদনের সঙ্গে সঙ্গে উপকেন্দ্র নির্মাণের উদ্যোগ গ্রহণ করা যাবে। তারানগর এরিয়া অফিসকে আটিবাজার সাব জোনাল অফিসে রূপান্তরের কাজ সম্পন্ন হয়েছে।

ঢাকা পবিস-৪ এর সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ নিম্নরূপঃ

অর্থ বছর	গ্রাহক সংযোগ	নির্মিত লাইন	বকেয়া মাস	সিস্টেম লস	অভিযোগ সংখ্যা
২০১৯-২০২০	৩১,০৮১	১০৫	০.৬৮	৬.২৪	৮৪১৫
২০২০-২০২১	৩২,৯২৩	১৫৮	০.৬৭	৫.৯২	৭২২৪
২০২১-২০২২	২৬,৮২৩	৬৫	০.৬২	৫.৭৮	৯৪৭৪

বিদ্যুৎ মন্ত্রণালয় ও বাপবিবো 'র নির্দেশনা মোতাবেক অত্র পবিসের আওতায় অদ্যবধি ২,৭৫,০০০ টি পি-পেমেণ্ট মিটার স্থাপন/প্রতিস্থাপন করা হয়েছে।

অত্র পবিস এর সিস্টেম লস হ্রাসকরণের জন্য বিতরণ লাইন আপগ্রেডেশন, কন্ডাক্টরের সাইজ পরিবর্তন, ওভারলোডেড ট্রান্সফরমার পরিবর্তনসহ লাইন রক্ষণাবেক্ষণ কাজ চলমান রয়েছে। এর ফলে গ্রাহক আস্থা বৃদ্ধি পেয়েছে, শ্রম ঘন্টা হ্রাস পেয়েছে, ওএন্ডএম ব্যয় হ্রাস পেয়েছে, গ্রাহক ও সমিতি আর্থিক ভাবে লাভবান হচ্ছে একই সাথে সমিতির ভৌগলিক এলাকার আর্থ সামাজিক অবস্থার উন্নতিসহ ব্যাপক কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে/বেকারত্ব দূর হয়েছে। লাইন রক্ষণাবেক্ষণ, ডিপোজিট, নবায়ন লাইন আপগ্রেডেশন কাজের জন্য জুলাই'২১ হতে জুন'২২ পর্যন্ত মোট ১০৪ টি কার্যাদেশ প্রদান করা হয়।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ শিল্প অধ্যুষিত এলাকা তাছাড়া পদ্মা সেতুর কাজ চলমান থাকায় বৃহৎ শিল্প সংযোগ গ্রহণের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান আগ্রহ প্রকাশ করছেন। নিম্নবর্ণিত কারণে অত্র পবিসের বিভিন্ন এলাকায় বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হচ্ছে যেটি অত্র পবিসের জন্য চ্যালেঞ্জঃ-

১. ঢাকা-মাওয়া হাইওয়ে ফোরলেনের কাজ এবং তিতাস গ্যাস কর্তৃক পাইপ লাইন স্থাপন, সওজ কর্তৃক ডেইন নির্মাণ ও রাস্তা সম্প্রসারণ কাজের জন্য হাইওয়ের উভয় পাশের বৈদ্যুতিক লাইন স্থানান্তরের জন্য প্রায় ৩৩ কেভি এবং ১১ কেভি লাইন শাটডাউন প্রদান করা হচ্ছে।
২. লাইন রুটের সমস্যার কারণে একই পোলে ৪/৫ টি সার্কিট থাকায় যে কোন ১টি সার্কিটে ত্রুটি দেখা দিলে একই সাথে ৪/৫ টি সার্কিট বন্ধ করতে হয় বিধায় গ্রাহক প্রান্তে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ব্যাহত হচ্ছে।
৩. পবিসের সিস্টেম লস হ্রাস করণের লক্ষ্যে লাইন নবায়ন /আপগ্রেডেশন/নতুন লাইন নির্মাণের কাজের জন্য প্রকল্প বিভাগ বাপবিবোর্ড,পবিসের মিনি টি কাদারের মাধ্যমে ডিপোজিট ওয়ার্ক এবং পবিসের মালামাল দ্বারা রক্ষণাবেক্ষণ কাজের জন্য ওএন্ডএম এর বিভিন্ন কার্যাদেশ চলমান আছে। এছাড়াও সমিতির নিজস্ব জনবল দ্বারা লাইন রক্ষণাবেক্ষণ কাজ করার জন্য প্রতিনিয়ত শাটডাউনের প্রয়োজন হচ্ছে।
৪. হাসনাবাদ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রটি দীর্ঘদিনের পুরনো হওয়ায় কারিগরি ত্রুটির কারণে প্রায়শই ৩৩ কেভি ফিডার বন্ধ থাকে।
৫. নবমির্মিত কেরানীগঞ্জ ও নবাবগঞ্জ গ্রীড উপকেন্দ্র ০২ টি চালু হওয়ায় ঢাকা সাউদার্ন পাওয়ার জেনারেশন লি: হতে উৎপাদিত বিদ্যুৎ সরাসরি হাসনাবাদ গ্রীডের বাসে সরবরাহ হওয়ায় ব্যাপকহারে ৩৩ কেভি লাইন লস হচ্ছে যা অত্র পবিসের মোট লসের প্রায় ০.৮% -০.৯%, ফলে সিস্টেম লস বৃদ্ধি পাচ্ছে।
৬. অত্র পবিসের ভৌগলিক এলাকায় ইতোমধ্যে ২,৭৫,০০০ প্রি-পেমেণ্ট মিটার স্থাপন করা হয়েছে নতুন করে আরো ৪০,০০০ টি স্মার্ট প্রি-পেমেণ্ট মিটার ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে। নতুন প্রযুক্তি বিধায় গ্রাহক মোটিভেশনের মাধ্যমে গ্রাহকদের ইতিবাচক অবস্থান বজায় রেখে চলমান কার্যক্রম সফলভাবে অব্যাহত রাখা একটি চ্যালেঞ্জ।

নিম্নবর্ণিত কাজ সমূহ সম্পূর্ণ করলে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সম্ভব হবেঃ-

১. হাসনাবাদ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রটি জিআইএস গ্রীড এ রূপান্তরের জন্য পিজিসিবি তে বাপবিবো কর্তৃক প্রনয়নকৃত ডিজাইন-ড্রয়িং অনুমোদনের জন্য প্রেরণ করা হলে তা অনুমোদিত হয়। পবিসের নিজস্ব অর্থায়নে জিআইএস কাজ সম্পাদন করা হবে। কাজটি বাস্তবায়ন হলে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত হবে।
২. ঢাকা-মাওয়া হাইওয়ে ফোরলেনের কাজের জন্য হাইওয়ের উভয় পাশের বৈদ্যুতিক লাইন স্থানান্তর কাজ এবং বর্তমানে চলমান নবায়ন ও আপগ্রেডেশনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।

৩. ২০০ কি:মি: নতুন লাইন নির্মাণ, নবায়ন ও আপগ্রেডেশন কাজের জন্য অনুমোদনের নিমিত্তে বাপবিবো-তে প্রেরণ করা হয়েছে। যা দ্রুত বাস্তবায়ন করতে হবে।

৪. Modernization & Capacity Enhancement of BREB Network (Chittagong,Sylhet,Dhaka-Mymensingh,Rajshahi-Rangpur & Barishal Division) প্রকল্পের নবায়ন ও আপগ্রেডেশন কাজের আওতায় ১০০ কি:মি: ৩৩ কেভি লাইন ১২৫ কি:মি: ১১ কেভি লাইন , ১২০ কি:মি: এলটি লাইন , ৬টি নতুন ২০ এমভিএ ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ এবং ০৫ টি ৩৩/১১ কেভি উপকেন্দ্রের আপগ্রেডেশন কাজের পরিকল্পনা রয়েছে।

৫. ঢাকা পবিস-৪ এর ভৌগলিক এলাকা ঘনবসতিপূর্ণ এবং অপরিষ্কৃত ভাবে বাড়িঘর নির্মাণ করায় ওভারহেড লাইনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করা কষ্টকর এবং লাইনগুলি দীর্ঘদিনের পুরাতন হওয়ায় ঝুঁকিপূর্ণ। ওভারহেড লাইনের পরিবর্তে আন্ডারগ্রাউন্ড ক্যাবল স্থাপন করতে হবে। এ বিষয়ে বাপবিবো কর্তৃক প্রস্তাবিত “ঢাকা পবিস-৪ এর আওতাধীন ওভারহেড বৈদ্যুতিক বিতরণ ব্যবস্থাকে ভূগর্ভস্থ বিতরণ ব্যবস্থায় রূপান্তর” প্রকল্পটি ১২৯৭.৯৪৭২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই’২০ হতে জুন’২৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের প্রক্রিয়াধীন আছে।

৬. সমিতির নিজস্ব জনবল দ্বারা চলমান লাইন পরিদর্শন ও রক্ষণাবেক্ষণের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

১। নবনির্মিত কেরানীগঞ্জ ২৩০/১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রটি গত ০৬/০২/২১ স্থি: তারিখে চালু হয়।গ্রীড উপকেন্দ্রটি হতে অত্র পবিসের ৮ টি বে-ব্রেকার এর মধ্যে ০৭ টি বে-ব্রেকার ইতোমধ্যে চালু কর হয়েছে অবশিষ্ট ০১ টি বে-ব্রেকার চালুর জন্য প্রয়োজনীয় লাইন নির্মাণের প্রক্রিয়া চলমান আছে। ৩৩ কেভি লাইনটি নির্মাণ হলে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর ৩৩ কেভি সিস্টেম লস হ্রাস পাবে। শতভাগ প্রকল্পের আওতায় শুভাঢ্যা-২ ও হযরতপুর-১ ২০এমভিএ ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণ কাজ প্রায় শেষ। উপরিউক্ত পরিকল্পনা বাস্তবায়িত হলে সিস্টেম লস আরও হ্রাস পাবে। পাশাপাশি বকেয়া মাস ১.০০ অর্জনের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

২। ঢাকা সাউদার্ন পাওয়ার জেনারেশন লিঃ হতে কেরানীগঞ্জ ১৩২/৩৩ কেভি গ্রীড পর্যন্ত ১১ কিঃমিঃ ডাবল সার্কিট (#৬৩৬ এমসিএম কন্ডাক্টর) ৩৩ কেভি লাইন নির্মাণের পরিকল্পনা রয়েছে। এ টি বাস্তবায়িত হলে জেনারেশনের কারণে সৃষ্ট ৩৩ কেভি লাইন লস অনেকটা হ্রাস পাবে।

৩। তাছাড়া অত্র সমিতি ডেসা হতে অধিগ্রহণকৃত হওয়ায় লাইনগুলি দীর্ঘদিনের পুরাতন এবং জরাজীর্ণ। রাস্তাঘাট সরু এবং ঘনবসতিপূর্ণ এলাকা। নতুন নতুন শিল্প এবং আবাসিক এলাকা নির্মাণ হওয়ায় ক্রমাগত লোড বৃদ্ধি পাচ্ছে। বর্ণিত সমস্যা মোকাবেলা করার জন্য লাইন পরিদর্শন, রক্ষণাবেক্ষণ এবং আপগ্রেডেশনের কাজ করার বড় পরিকল্পনা হাতে নেয়া হয়েছে।

৪। ওভার লোডিং নিরসন,নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ৩৩ কেভি লাইন সমূহ ৪৭৭ এমসিএম হতে ৬৩৬ এমসিএম এবং ১১ কেভি ব্যাকবোন লাইনসমূহ ৪/০ এসিএসআর হতে ৪৭৭ এমসিএম এ রূপান্তরের পরিকল্পনা রয়েছে।

৫। অত্র পবিসের “ওভারহেড বৈদ্যুতিক বিতরণ ব্যবস্থাকে ভূগর্ভস্থ বিতরণ ব্যবস্থায় রূপান্তর” প্রকল্পটি বাস্তবায়নের প্রক্রিয়াধীন।

২০২১-২২ অর্থ-বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

১। ০২ টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ।

২। পবিসের সিস্টেম লস ৫.৫০%।

৩। বকেয়া মাস ১.০০।

৪। ১১ কেভি ফিডার ইন্টারকানেক্টের মাধ্যমে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করণ।

- ৫। কেরাণীগঞ্জ ২৩০/১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রের অবশিষ্ট ০১ টি বে-ব্রেকার চালুকরণ।
- ৬। ৩৩/১১ কেভি উপকেন্দ্র সমূহে ৩৩ কেভি সোর্স লাইনের বিকল্প সোর্সের সুবিধা সৃষ্টিকরণ।
- ৭। হাসনাবাদ গ্রীড উপকেন্দ্রটি GIS গ্রীডে রূপান্তরের কাজ সম্পন্নকরণ।
- ৮। রুহিতপুর এরিয়া অফিসকে সাব জোনাল অফিসে রূপান্তরের কাজ সম্পন্নকরণ।
- ৯। আব্দুল্লাহপুর সাব জোনাল অফিসকে জোনাল অফিসে রূপান্তরকরণ।
- ১০। নতুন অফিস ভবন, আবাসিক ভবন, রেস্ট হাউজ, আনসার ব্যারাক ও আব্দুল্লাহপুরে স্টোর ও আবাসিক ভবন নির্মাণ কাজ সম্পন্নকরণ।

প্রস্তাবনা

পল্লী বিদ্যুৎ সমিতির প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি তা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে:-

সভাপতি

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০২২ সালের জুন মাসেরতারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১:

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র (Field of Performance) এবং কার্যাবলী (Functions):

১.১ রূপকল্প (Vision): ঢাকা পবিস -৪ এর আওতাধীন সকল গ্রাহককে নির্ভরযোগ্য, নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহের মাধ্যমে গ্রাহকসেবা নিশ্চিত করা।

১.২ অভিলক্ষ্য (Mission): নতুন শিল্প এবং অন্যান্য গ্রাহকে দ্রুততম সময়ের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদানসহ বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার আধুনিকায়ন করে নিরাপদ, মানসম্পন্ন ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার মাধ্যমে সকল গ্রাহকের আর্থ-সামাজিক উন্নয়নে সহায়তা করা।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র (Field of Performance):

- ০১। বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন।
- ০২। প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি।
- ০৩। গ্রাহকের জীবনমান ও আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে নিরবচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ।
- ০৪। নতুন বিদ্যুৎ সংযোগ ও গ্রাহকসেবার মানোন্নয়ন।

সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ।

১.৪. কার্যাবলি (Functions):

- ১। পরিকল্পিতভাবে টেকসই, আধুনিক ও নিরাপদ বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও উন্নয়ন।
- ২। ০৭ দিনের মধ্যে আবাসিকসহ সকল এলটি গ্রাহক এবং ১৮ দিনের মধ্যে শিল্পসহ সকল এইচটি গ্রাহক সংযোগ প্রদান।
- ৩। নতুন গ্রাহক সংযোগ পদ্ধতি সহজীকরণ।
- ৪। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগণকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
- ৫। ডিজিটাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিতকরণ।
- ৬। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ।
- ৭। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
- ৮। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।
- ৯। নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ।
- ১০। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
- ১১। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
- ১২। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সুষ্ঠু কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।
- ১৩। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
- ১৪। প্রাতিষ্ঠানিক ও কারিগরি দক্ষতার উন্নয়ন।
- ১৫। স্মার্ট পি-পেইড মিটার স্থাপন।
- ১৬। ওভারলোডেড ট্রান্সফরমার হ্রাসকরণ।

সেকশন ২:

ঢাকা পবিস-৪-এর বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফলপ্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators)	একক (Unit)	প্রকৃত অর্জন (২০২০-২১)	প্রকৃত অর্জন* (২০২১-২২)	২০২২-২৩ লক্ষ্যমাত্রা	প্রক্ষেপণ (Projection)		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত দপ্তর/পরিদপ্তর/বিভাগ/সেল/ সমিতিসমূহের নাম	উপাসূত্র (Sources of Data)
						(২০২৩-২৪)	(২০২৪-২৫)		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
নতুন বিদ্যুৎ সংযোগ ও গ্রাহকসেবার মানোন্নয়ন	নতুন আবাসিক সংযোগ	সংখ্যা	২৭,৩৯৯	২৬,৮২৩	১৬,০০০	১২,০০০	১০,০০০	পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন পরিদপ্তর এবং পল্লী বিদ্যুৎ সমিতি	এসডিজি, নির্বাচনী ইশতেহার ২০১৮।
প্রাতিষ্ঠানিক দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি	Accounts Receivable	সম মাস	০.৬৭	০.৬২	১	১	১	বিআরইবি, পল্লী বিদ্যুৎ সমিতি, বিদ্যুৎ বিভাগ, কৃষি মন্ত্রণালয় ও ধর্ম মন্ত্রণালয়	দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা ২০২১- ২০৪১, এসডিজি
	Collection Bill Ratio	%	১০০.০৩	৯৯.৯৮	৯৯	৯৯	৯৯	বিআরইবি, পল্লী বিদ্যুৎ সমিতি, জনপ্রতিনিধি, স্থানীয় প্রশাসন, আইন মন্ত্রণালয়	দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা ২০২১- ২০৪১, এসডিজি
বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন	বিতরণ সিস্টেম লস	%	৫.৯২	৫.৭৮	৫.৫০	৫.৪০	৫.৩০	বিআরইবি ও পল্লী বিদ্যুৎ সমিতি	পাওয়ার সিস্টেম মাস্টার প্লান ২০১৬, এসডিজি
গ্রাহকের জীবনমান ও আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে নিরবিচ্ছিন্ন ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ	SAIDI	মিনিট	৮০০.১৬৬	৫৬৪.০৭	৮০০	৭৯০	৭৮০	সিস্টেম অপারেশন (কে:অ:) পরিদপ্তর ও পল্লী বিদ্যুৎ সমিতি	পাওয়ার সিস্টেম মাস্টার প্লান ২০১৬, এসডিজি
	SAIFI	বার	২৫.৬৭৫	১০.৬১	২৫	২২	২০	সিস্টেম অপারেশন (কে:অ:) পরিদপ্তর ও পল্লী বিদ্যুৎ সমিতি	পাওয়ার সিস্টেম মাস্টার প্লান ২০১৬, এসডিজি

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

আমি, সভাপতি, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি -৪ সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঞ্জীকার করছি যে ,
এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি -৪ -এর নিকট অঞ্জীকার করছি যে ,
এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবো।

স্বাক্ষরিত:

তারিখ:

স্বাক্ষরিত:

সভাপতি
ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

জেনারেল ম্যানেজার
ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

পরিচালক
পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ)
পরিদপ্তর

সংযোজনী -১
শব্দ সংক্ষেপ
(Acronyms)

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (acronym)	বিবরণ
১	CC	Citizen's Charter
২	DNP	Disconnection for Nonpayment
৩	DSL	Dept Service Liability
৪	E-GP	e-Government Procurement
৫	ERP	Enterprise resource planning
৬	GRS	Grievance Redress System
৭	KM	Kilometer
৮	KV	Kilovolt
৯	KVA	Kilovolt Ampere
১০	MW	Megawatt
১১	NIS	National Integrity Strategy
১২	ROW	Right of Way
১৩	RTI	Right to Information
১৪	SAIDI	System Average Interruption Duration Index
১৫	SAIFI	System Average Interruption Frequency Index
১৬	SDG	Sustainable Development Goal
১৭	ই-সেবা	ইলেক্ট্রনিক সার্ভিস
১৮	এডিপি	এনুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম
১৯	এমআইএস	ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম
২০	এমডিএ	মেগাভোল্ট অ্যাম্পিয়ার
২১	জিআইএস	জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম
২২	পবিস/ পিবিএস	পল্লী বিদ্যুৎ সমিতি
২৩	পিজিসিবি	পাওয়ার প্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড
২৪	বিআরইবি	বাংলাদেশ রুরাল ইলেকট্রিফিকেশন বোর্ড
২৫	বিপিডিবি	বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড

সংযোজনী-২

কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
1.1.Reduction of System Loss	1.1.1. System Loss at billing Meter (w/o resale)	পল্লী বিদ্যুৎ সমিতি	মাসিক আর্থিক ও পরিসংখ্যান প্রতিবেদন (ফর্ম-৫৫০) ও পবিস এর নিরীক্ষা প্রতিবেদন, বিলিং সফটওয়্যার।
1.2 Inspection & maintenance of distribution line	1.2.1 Inspection & Maintenance of Distribution line to the total energized Line including Grounding (FORM 569)	পল্লী বিদ্যুৎ সমিতি	ফর্ম-৫৬৯ বাস্তবায়ন প্রতিবেদন।
1.3 Reducing Overloaded Transformer	1.3.1 Overloaded Distribution Transformer	পল্লী বিদ্যুৎ সমিতি	TMLM software প্রতিবেদন।
1.4 Meter Report	1.4.1 Action on Meter Report	পল্লী বিদ্যুৎ সমিতি	মিটার রিপোর্ট।
2.1 Improvement of institutional efficiency (Financial)	2.1.1 Accounts receivable (w/o resale & rebate)	পল্লী বিদ্যুৎ সমিতি	মাসিক আর্থিক ও পরিসংখ্যান প্রতিবেদন (ফর্ম-৫৫০) ও পবিস এর নিরীক্ষা প্রতিবেদন, বিলিং সফটওয়্যার,
	2.1.2 Reduction of over 90 days consumer (Outstanding) from last Fiscal Year (except Irrigation)	পল্লী বিদ্যুৎ সমিতি	মাসিক আর্থিক ও পরিসংখ্যান প্রতিবেদন (ফর্ম-৫৫০) ও পবিস এর নিরীক্ষা প্রতিবেদন, বিলিং সফটওয়্যার,
	2.1.3 Accounts Payable	পল্লী বিদ্যুৎ সমিতি	মাসিক আর্থিক ও পরিসংখ্যান প্রতিবেদন (ফর্ম-৫৫০) ও পবিস এর নিরীক্ষা প্রতিবেদন, বিলিং সফটওয়্যার,
	2.1.4 Collection Bill (CB) Ratio (w/o resale & rebate)	পল্লী বিদ্যুৎ সমিতি	মাসিক আর্থিক ও পরিসংখ্যান প্রতিবেদন (ফর্ম-৫৫০) ও পবিস এর নিরীক্ষা প্রতিবেদন, বিলিং সফটওয়্যার,
	2.1.5 Inter-PBS Transaction with Cross Subsidy Contribution	পল্লী বিদ্যুৎ সমিতি	পবিস এর নিরীক্ষা প্রতিবেদন,
	2.1.6 Payment of Debt Service Liability	পল্লী বিদ্যুৎ সমিতি	পবিস এর নিরীক্ষা প্রতিবেদন,
	2.1.7 O & M Expense per KWh (Excluding Power cost, Depreciation & Amortization expense, Interest expense and Provision for Uncollectible Amount. i.e. 0.5% of sale of electricity)	পল্লী বিদ্যুৎ সমিতি	মাসিক আর্থিক ও পরিসংখ্যান প্রতিবেদন (ফর্ম-৫৫০) ও পবিস এর নিরীক্ষা প্রতিবেদন, বিলিং সফটওয়্যার,
2.2 Budget Implementation	2.2.1 Revenue Budget Implementation	পল্লী বিদ্যুৎ সমিতি	পবিস এর বাজেট বাস্তবায়ন প্রতিবেদন,
	2.2.1 Capital Budget Implementation	পল্লী বিদ্যুৎ সমিতি	পবিস এর বাজেট বাস্তবায়ন প্রতিবেদন,
2.3 Improvement of	2.3.1 Operation and Data up-gradation of TMLM software	পল্লী বিদ্যুৎ সমিতি	হালনাগাদ প্রতিবেদন

কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
technical capacity	2.3.2 GIS Mapping of 33 KV/11 KV/6.35KV Line	পল্লী বিদ্যুৎ সমিতি	জিআইএস বাস্তবায়ন প্রতিবেদন।
	2.3.3 Average Training hour per Employee	পল্লী বিদ্যুৎ সমিতি	প্রশিক্ষণ প্রদান প্রতিবেদন।
2.3 Transformer Repair	2.3.1 Ratio of Repaired Transformer to the total Repairable Transformer	পল্লী বিদ্যুৎ সমিতি	ট্রান্সফর্মার মেরামত প্রতিবেদন।
3.1.Ensure uninterrupted electricity Supply	3.1.1. System Average Interruption Duration Index (SAIDI)	পল্লী বিদ্যুৎ সমিতি	সাবস্টেশন অপারেশনাল রেজিস্টার, লোডশেডিং রেজিস্টার প্রতিবেদন।
	3.1.2. System Average Interruption Frequency Index (SAIFI)	পল্লী বিদ্যুৎ সমিতি	সাবস্টেশন অপারেশনাল রেজিস্টার, লোডশেডিং রেজিস্টার প্রতিবেদন।
3.2. Ensure quality electricity Supply	3.2.1. Power Factor at each billing point	পল্লী বিদ্যুৎ সমিতি	পিডিবি বিলের প্রতিবেদন।
3.3 Reduce of Damaged Transformer	3.3.1 Ratio of damaged & repairable Transformer to the total installed Transformer	পল্লী বিদ্যুৎ সমিতি	ট্রান্সফর্মার বিনষ্টের প্রতিবেদন।
4.1 New Connection	4.1.1. Demand note will be issued within 2 working days after receipt complete application for domestic connection (LT)	পল্লী বিদ্যুৎ সমিতি	গ্রাহক সংযোগ প্রদানের প্রতিবেদন।
	4.1.2. Domestic connection (LT) will be ensured within 2 working days after deposit of Security money & House wiring certificate	পল্লী বিদ্যুৎ সমিতি	গ্রাহক সংযোগ প্রদানের প্রতিবেদন।
	4.1.3. For 11 kV and above voltage level connection , Demand note will be issued after completion of field inspection within 13 working days of application subject to fulfillment of all conditions	পল্লী বিদ্যুৎ সমিতি	গ্রাহক সংযোগ প্রদানের প্রতিবেদন।
	4.1.4. 11 kV and above voltage level connection will be provided within next 2 working days after deposit of demand note money (completion after deposit work-if applicable), installation of Solar panel, CT-PT with test report, approval of Substation installation from Office of the Chief Electric Inspector & other applicable document	পল্লী বিদ্যুৎ সমিতি	গ্রাহক সংযোগ প্রদানের প্রতিবেদন।
4.2 Customer satisfaction	4.2.1 Public Hearing arranged by PBS-Head/Zonal Office in presence of Local Administration/Local body/ REB Officials	পল্লী বিদ্যুৎ সমিতি	গনশুনানী আয়োজনের প্রতিবেদন।
	4.2.2 Timeliness to attend Consumer's complain	পল্লী বিদ্যুৎ সমিতি	অভিযোগ নিষ্পত্তির রেজিস্টার

সংযোজনী-৩

অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
বিদ্যুৎ ক্রয়	সিস্টেম লস	বিপিডিবি	বিদ্যুৎ সরবরাহ
বিদ্যুৎ সরবরাহ	সিস্টেম লস ও উপকেন্দ্রের ক্ষমতাবর্ধন	পিজিসিবি	বিদ্যুৎ সঞ্চালন ও উপকেন্দ্র হতে বে-ব্রেকার সংযোজন
বকেয়া আদায়	সমমাস	স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, জন প্রতিনিধি, এলাকা পরিচালক	সঠিক সময়ে বকেয়া আদায় কার্যক্রমে অংশগ্রহণ
বিল কালেকশন	%	ব্যাংক, UIC, টেলিটক	সঠিক সময়ে বিল আদায় কার্যক্রমে অংশগ্রহণ
রিবেটের অর্থ পরিশোধ	বকেয়া মাস	কৃষি মন্ত্রণালয়	রিবেটের অর্থ পরিশোধ
রিবেটের অর্থ পরিশোধ	বকেয়া মাস	ধর্ম মন্ত্রণালয়	রিবেটের অর্থ পরিশোধ